# পাবনা সদর উপজেলা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

নিবন্ধন নং- ১৩১, তারিখ- ১৬ মে ২০১০
সংশোধিত নম্বর ০০২, তারিখ- ১১ ডিসেম্বর ২০২১
গ্রাম/মহল্লা: রাধানগর, ডাকঘর: পাবনা সদর, উপজেলা: পাবনা সদর, জেলা: পাবনা।

স্মারক নং ০৪

তারিখঃ ১৬/০৮/২০২৬ খ্রিঃ

## নির্বাচনী তফসিল

এতদ্বারা পাবনা সদর উপজেলা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সকল সদস্যসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির ২২/০৬/২০২৬ খ্রিঃ তারিখের সিদ্ধান্ত মোতাবেক আগামী **১৯/০৯/২০২৬ খ্রিঃ তারিখ রোজ শনিবার** সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ২.০০ ঘটিকা পর্যন্ত (বিরতিহীনভাবে) সমিতির কার্যালয়ে নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে সমিতির উপ-আইনের ধারা ১৮(ক)(খ) তে অনুমোদিত ০৬(ছয়) পদ বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটি সভাপতি, ০১(এক) জন, সহ সভাপতি ০১(এক) জন, সম্পাদক ০১(এক) জন, কোষাধ্যক্ষ ০১(এক) জন এবং সদস্য ০২(দুই) জন) সমিতির সদস্যদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হবেন। উক্ত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে জেলা সমবায় অফিসার, পাবনা মহোদয়ের ০৬/০৮/২০২৬ খ্রিঃ তারিখের ১২৭৯ নং আদেশের প্রেক্ষিতে ক্ষমতাপ্রাপ্ত হয়ে নির্বাচন কমিটির ১৬/০৮/২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১ম সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী নিম্নরূপভাবে নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো :

| ক্রম নং | কর্মসূচী | তারিখ | সময় | স্থান | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | মনোনয়ন পত্র সংগ্রহ | ২৩/০৮/২০২৬ খ্রিঃ | সকাল ১০.০০- বিকেল ০৩.০০ | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| | | ২৪/০৮/২০২৬ খ্রিঃ | সকাল ১০.০০- বিকেল ০৩.০০ | সমিতির কার্যালয় | |
| ২ | মনোনয়ন পত্র দাখিল | ২৭/০৮/২০২৬ খ্রিঃ | সকাল ১০.০০- বিকেল ০৩.০০ | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| | | ২৮/০৮/২০২৬ খ্রিঃ | সকাল ১০.০০- বিকেল ০৩.০০ | সমিতির কার্যালয় | |
| ৩ | মনোনয়ন পত্র বাছাই | ২৯/০৮/২০২৬ খ্রিঃ | বিকেল ০২.০০ | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ৪ | বাছাই শেষে বৈধ মনোনয়ন পত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ২৯/০৮/২০২৬ খ্রিঃ | বিকেল ০৩.০০ | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ৫ | প্রার্থীর মনোনয়ন পত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিলকৃত প্রার্থীর আপীল আবেদন দাখিল | ৩০/০৮/২০২৬ খ্রিঃ ও ৩১/০৮/২০২৬ খ্রিঃ | অফিস চলাকালীন সময় পর্যন্ত | জেলা সমবায় দপ্তর, পাবনা। | জেলা সমবায় অফিসার, পাবনা। |
| ৬ | আপীলের শুনানী | ০১/০৯/২০২৬, ০২/০৯/২০২৬ ও ০৩/০৯/২০২৬ খ্রিঃ | আপীলের শুনানী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | জেলা সমবায় দপ্তর, পাবনা | জেলা সমবায় অফিসার, পাবনা |
| ৭ | আপীল শুনানী শেষে চূড়ান্তভাবে বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | ৪/০৯/২০২৬ খ্রিঃ | সকাল ১০.০০ | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি কর্তৃক। |
| ৮ | প্রার্থীর মনোনয়ন পত্র প্রত্যাহার | ০৯/০৯/২০২৬ খ্রিঃ | সকাল ১০.০০-বিকেল ৪.০০ | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ৯ | চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ ও প্রতীক বরাদ্দ | ১০/০৯/২০২৬ খ্রিঃ | বেলা ০১.০০ | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ১০ | ভোট গ্রহণ | ১৯/০৯/২০২৬ খ্রিঃ | সকাল ১০.০০ হতে বিকেল ২.০০ পর্যন্ত (বিরতিহীন ভাবে) | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ১১ | ভোট গণনা ও নির্বাচনী ফলাফল ঘোষণা (বিশেষ সাধারণ সভার মাধ্যমে) | ১৯/০৯/২০২৬ খ্রিঃ | ভোট গ্রহণ শেষে ও ভোট গণনা সমাপ্তির পরপরই। | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |

(মোঃ সাইফুদ্দিন হোসেন)
সদস্য
নির্বাচন কমিটি
পাবনা সদর উপজেলা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
পাবনা সদর, পাবনা।
০১৭৩৪-৭৭১৪৫৮

(মোঃ জাহাঙ্গীর হোসেন)
সদস্য
নির্বাচন কমিটি
পাবনা সদর উপজেলা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
পাবনা সদর, পাবনা
০১৭১২-২৭১১৮৩

(মোঃ রবিউল আলম)
সভাপতি
নির্বাচন কমিটি
পাবনা সদর উপজেলা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
পাবনা সদর, পাবনা।
০১৭৪৮-৪২৮১৮১



CamScanner

## নির্বাচন সংক্রান্ত আবশ্যক বিষয়াদি ঃ

১। সমিতির ব্যবস্থাপনা কমিটির নিম্নোক্ত মোতাবেক নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকল্পে আগ্রহী প্রার্থীকে মনোনয়ন পত্র নির্বাচন কমিটির নিকট থেকে সংগ্রহকল্পে মনোনয়ন পত্রের নির্ধারিত মূল্য **(সভাপতি পদে ৫০০০/- টাকা, সহ-সভাপতি পদে ৪০০০/- টাকা, সম্পাদক পদে ৫০০০/- টাকা কোষাধ্যক্ষ পদে ৪০০০/- এবং সদস্য পদে ৩০০০/- টাকা)** জমা দিয়ে রশিদ/প্রমাণক গ্রহণ করতে হবে এবং মনোনয়ন পত্র দাখিলের সময় রশিদের/প্রমাণকের ফটোকপি সংযুক্ত করতে হবে। সমিতি কর্তৃক ইস্যুকৃত মনোনয়ন পত্র ব্যতীত অন্য কোন প্রকারের মনোনয়ন পত্র বা উহার ফটোকপি গ্রহণ যোগ্য হবে না।

২। ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য প্রার্থীকে পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট সমিতির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। মনোনয়নপত্রের সাথে প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত উক্ত প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে।

৩। সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত, ২০০২ও ২০১৩) এর ১৭(১) ও ১৮ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৪ বিধি অনুযায়ী যোগ্য হতে হবে।

৪। ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশ্লিষ্ট সমিতির সদস্য সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩) এর ১৭(২), ১৮(৮) ও ১৯(২) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৪ ও ৮৮ এবং অত্র সমিতির উপ-আইন (সর্বশেষ সংশোধিত উপ-আইন যদি থাকে) মোতাবেক যোগ্য কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট সমিতির কর্তৃপক্ষের নিকট থেকে প্রত্যয়ন পত্র গ্রহণ করতে হবে এবং উহা সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসার দ্বারা পূর্বে প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৫। মনোনয়ন পত্র নির্ভুল ভাবে পূরণপূর্বক প্রার্থীর ছবিসহ মোতাবেক নির্ধারিত তারিখে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে। মনোনয়ন পত্রে প্রার্থীর স্বাক্ষর সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং উহাতে সমিতির সীল মোহর থাকতে হবে নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাকযোগে প্রেরিত মনোনয়ন পত্র গ্রহণযোগ্য হবে না।

৬। একই ব্যক্তি একাধিক পদে ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে না।

৭। অসম্পূর্ণ ঘষামাজা ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত প্রার্থী সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

৮। সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত- ২০০২ ও সংশোধিত-২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি এবং অত্র সমিতির উপ আইন অনুসরণ পূর্বক নির্বাচন পরিচালনা করা হবে এবং নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩) এর ২৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৬৭ ও ৬৮ বিধি অনুসরণ করতে হবে।

১০। নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

১১। মনোনয়ন পত্র বাছাই, প্রতীক বরাদ্দ ও অন্যান্য কার্যাদি চলাকালীন সময় নির্বাচন কমিটির অনুমতি সাপেক্ষে প্রার্থী বা তার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

১২। চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত সদস্য ব্যতীত কোন ব্যক্তি নির্বাচনে অংশ গ্রহণ বা নির্বাচনে ভোট দিতে পারবেন না।

১৩। নির্ধারিত প্রতীক সমূহঃ **ক) সভাপতি পদেঃ** চেয়ার, আম ও মাছ **খ) সহ-সভাপতি পদেঃ** হারিকেন, আনারস ও হাঁস-মুরগি। **গ) সম্পাদক পদেঃ** বাই সাইকেল, বই কলম ও মই। **ঘ) কোষাধ্যক্ষ পদেঃ** দোয়াত-কলম, বল, সাধারণ সদস্য পদেঃ ফুটবল, চাঁদ, কলস, মোমবাতি, দেয়াল ঘড়ি ও খেজুর গাছ। প্রার্থী আধিক্য সাপেক্ষে অতিরিক্ত প্রতীক যুক্ত হতে পারে।

১৪। নির্বাচনী প্রচারে পোস্টার ছাপানো ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। ব্যানার, ফিস্টুন, হ্যান্ডবিল ও লিফলেট কেবল সাদাকালো ব্যবহার করা যাবে। ব্যানার সর্বোচ্চ ১০x৩ ফিট, ফেস্টুন ১৮/২৪ ইঞ্চি ও হ্যান্ডবিল সর্বোচ্চ এ-৪ সাইজের হতে হবে। প্রচারণায় প্রার্থী কেবল নিজের ছবি ও বরাদ্দকৃত প্রতীক ব্যবহার করতে পারবেন। প্রচারণায় কোন প্রকার মাইক বা সাউন্ড সিস্টেম ব্যবহার করতে পারবে না। ১৭/০৯/২০২৫ খ্রি: তারিখ রাত ১২.০০ টার পর আর কোন প্রচারণা চালানো যাবে না। যে কোন ধরণের আচরণবিধি লংঘনের জন্য নির্বাচন কমিটি আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

১৫। নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি তথ্য ও নির্দেশনা উপজেলা সমবায় কার্যালয়, পাবনা সদর, পাবনা এর ওয়েবসাইটে (https://cooparative.pabnasadar.pabna.gov.bd) প্রকাশ করা হবে।

(মোঃ সাইফুদ্দিন হোসেন)
সদস্য
নির্বাচন কমিটি
পাবনা সদর উপজেলা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
পাবনা সদর, পাবনা।
০১৭৫৪-৭৭৯৪৫৮

(মোঃ আনোয়ার হোসেন)
সদস্য
নির্বাচন কমিটি
পাবনা সদর উপজেলা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
পাবনা সদর, পাবনা।
০১৭২২-২৭১১৬৫

(মোঃ রবিউল আলম)
সভাপতি
নির্বাচন কমিটি
পাবনা সদর উপজেলা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
পাবনা সদর, পাবনা।
০১৭৪৮-৪২৬১৯১

স্মারক নং- নির্বাচন কমিটি, ২০২৬-০৪/১(৫১৫+)　　　　　　　　　　　　　　　　　　　　তারিখঃ ১১/০৮/২০২৬ খ্রিঃ

অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জনাব.................................................সদস্য, পাবনা সদর উপজেলা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, পাবনা সদর, পাবনা।

২। সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, পাবনা সদর উপজেলা, কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, তাঁকে অত্র নির্বাচনী তফসিল ও সংশ্লিষ্ট কাগজপত্র বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে প্রদর্শন ও সদস্যগণকে প্রদানপূর্বক প্রাপ্তি স্বীকার নির্বাচন কমিটির নিকট দাখিলের জন্য অনুরোধ করা হলো।

৩। জেলা সমবায় অফিসার, পাবনা।

৪। উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫। অতিরিক্ত পুলিশ সুপার, পাবনা সদর সার্কেল, পাবনা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬। অফিসার ইনচার্জ, পাবনা সদর থানা, পাবনা।

৭। উপজেলা নির্বাচন অফিসার পাবনা সদর, পাবনা।

৮। উপজেলা সমবায় অফিসার, পাবনা সদর, পাবনা।

৯। জেলা ব্যবস্থাপক, কাল্ব, পাবনা। (তাঁকে নির্বাচন কাজে সঠিক সহযোগীতা করার জন্য অনুরোধ করা হলো)

১০। উপজেলা ব্যবস্থাপক, কাল্ব, পাবনা।

(মোঃ রবিউল আলম)
সভাপতি
নির্বাচন কমিটি
পাবনা সদর উপজেলা
কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
পাবনা সদর, পাবনা
০১৭৪৮-৪২৮১৮১
uco_pabnasadar@gmail.com

| বহুল প্রচারের দায়িত্বের জন্য অবগত হলাম | |
|---|---|
| সভাপতির স্বাক্ষর | সম্পাদকের স্বাক্ষর |
| পাবনা সদর উপজেলা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, পাবনা সদর, পাবনা | |